আমঝুপিতে গণপ্রচেষ্টা নারী দলের অভিজ্ঞতা বিনিময় সভা

মেহেরপুরের আমঝুপিতে মানব উন্নয়ন কেন্দ্র মউক ও এএলআরডি যৌথ আয়োজনে দিনব্যাপী গণপ্রচেষ্টা নারী দলের অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টায় মউক এর হলরুমে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

তিনি বলেন, নারী দলকে আরো সুসংগঠিত হয়ে যুগোপযোগী যৌথ কৃষি উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে নারী দলের কর্মকান্ড বেগবান করতে বক্তব্য রাখেন সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মোঃ মুরাদ হোসেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এনিমেটর মোঃ শাহিনুর হোসেন। সভায় ৫টি নারী দলের ১৫জন দলীয় নেতা অংশগ্রহণ করেন।

জীবননগরে পান চাষে স্বাবলম্বী চাষীরা

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলায় ৯০ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। সকাল হলেই লাঙ্গল-জোয়াল ঘাড়ে নিয়ে কৃষকরা ছুটে যায় জমিতে।

এমনই একজন পান চাষী জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের মাধবপুর গ্রামের রহমত আলী। যিনি ২ বিঘা জমিতে পান চাষ করে স্বাবলম্বী হয়েছেন।

তিনি জানান, পান চাষে বিঘা প্রতি ৬০ হাজার টাকা বিনিযোগ করেছেন। এক বছরের মাতায় তার বিনিয়োগ কৃত অর্থ উঠে প্রায় বিঘা প্রতি ৭০ থেকে ৮০হাজার টাকা লাভ হয়েছে। তা ছাড়াও এখন পর্যন্ত জমিতে যে পরিমাণ পান আছে তাতেও সে অনেক টাকা আয় করবে বলে জানান।

পান চাষে এই বিপ্লবের বিষয়টি জানতে চাইলে তিনি বলেন, আমি ছোট বেলা থেকেই কৃষি কাজ করি। তা ছাড়া বর্তমানে আমার জমিতে প্রতিদিন পুরুষ এবং নারী শ্রমিক পান বরজে কাজ করে।

কৃষি অফিস থেকে কোন সাহয্য সহযোগিতার কথা জানতে চাইলে তিনি বলেন, আমি কোন দিন কৃষি অফিসের কোন সাহায্যে সহযোগিতা পাইনি। তবে কৃষি অফিস থেকে মাঝে মাঝে পানের রোগ মুক্তি করার লক্ষে জমিতে এসে পরামর্শ দিয়ে যান।

এদিকে রহমত আলীর কাছে পান চাষ শিখে এখন অনেকে পান চাষে বিপ্লব ঘটিয়েছে। এর মধ্যে একই গ্রামের কৃষক মইদুল ইসলাম জানান, রহমত আলীর কাছ থেকে পান চাষ শিখে আজ তিনিও সাবলম্বী হয়েছে।

রহমত আলীর পান চাষে আকৃষ্ট হয়ে বিভিন্ন এলাকার চাষীরা নিয়মিত ভিড় জমাচ্ছেন তার পান চাষ রপ্ত করতে পানের বরজে।

স্থানীয় পান চাষীরা অভিযোগ কেও বলেন, জীবননগর উপজেলায় বর্তমানে যে হারে পান চাষ হচ্ছে সে তুলনায় পানের একটি নিদিষ্ট কোন বাজার না থাকায় পান চাষীরা পান বিক্রি নিয়ে অনেক সময় হতাশার মধ্যে দিন যাপন করতে হয়।

যদি সরকারি ভাবে জীবননগরে একটি পানের স্থায়ী বাজার স্থাপন করা হয় তা হলে কৃষকরা অনেক উপকৃত হবে।

এ ব্যাপারে জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার বলেন, জীবননগর উপজেলার মাটি সব ফসলের জন্য অন্যতম রহমত আলী ও মইদুল ইসলাম পান চাষে বিপ্লব ঘটিয়েছে এতে তারা সাবলম্বী হয়েছে। তা ছাড়াও জীবননগর উপজেলা একটি কৃষি প্রধান এলাকা এই এলাকায় পান চাষের পাশাপাশি কপি, মরিচ, লাউ সহ বিভিন্ন ধরনের সবজি চাষ হয়ে থাকে। এবং আমাদের কৃষি অফিস থেকে সব সময় কৃষকদের চাষে বিভিন্ন ধরনের পরামর্শ দিয়ে থাকে।

এলাকায় কোন নিদিষ্ট সবজির হাট না থাকায় চাষীরা সঠিক দাম পাচ্ছে না। তবে এই এলাকায় সবজির হাট খুবই প্রয়োজন। তাহলে এলাকার চাষীরা

গাংনীতে চুরি যাওয়া পাট বোঝাই ট্রাক উদ্ধার, গ্রেপ্তার-২

ফরিদপুর মধুখালী থেকে কৌশলে চুরি যাওয়া ২৫২ মন পাটসহ একটি ট্রাক গাংনী থানা পুলিশের সহায়তায় জব্দ করেছে মধুখালী থানা পুলিশ।

গতকাল রোববার বিকেলে মধুখালী থানার এসআই তোফাজ্জল হোসেন ও সঙ্গীয় ফোর্স গাংনীর বালিয়াঘাটের একটি গুদাম থেকে পাট জব্দ করেন।

এ ঘটনায় দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। এরা হচ্ছে- হাড়াভাঙ্গা গ্রামের ইয়াছিন আলীর ছেলে সুজন ও একই গ্রামের গোলাম হোসেনের ছেলে কালাম।

পাটের স্বত্তাধিকারী মধুখালীর আসাদুজ্জামান জানান, তিনি বগুড়া মোকামতলা পাইকার জুট মিলে ২৫২ মন পাট বিক্রির উদ্দেশ্যে একটি ট্রাক লোড দেন। যার নম্বর ঢাকা মেট্রো ট- ১৮-৩০৪৭। ট্রাকের মালিক বালিয়াঘাট গ্রামের নব মুসলিম কাউছার আলী। তিনি নিজেই চালক ছিলেন। ট্রাকটি গত ৯ সেপ্টেম্বর বগুড়ার উদ্দেশ্যে রওয়ানা হয়। ১১ তারিখ পর্যন্ত ট্রাকটি জুটমিলে না পৌছানোর ফলে তিনি মধুখালী থানায় কাউছারসহ ৬ জনকে আসামী করে একটি মামলা দায়ের করেন।

এদিকে মামলা গ্রহণ সাপেক্ষে পুলিশ পাট বোঝাই ট্রাক ও চালকের মোবাইল ফোন ট্রাকিং করে তাদের অবস্থান নিশ্চিত হয়ে অভিযান চালায়। ট্রাক মালিক ও চালক কাউছার পালিয়ে গেলেও তার দুজন ব্যবসায়ীক পার্টনার সুজন ও কালাম ধরা পড়ে। সেই সাথে জব্দ করা হয় ট্রাক ও পাট।

অভিযানে আসা এসআই তোফাজ্জল হোসেন জানান, সুচতুর কাউছার ট্রাক নিয়ে পালিয়ে আসার পর ট্রাকের সামনে কাঁচ ও অন্যান্য অংশ খুলে ফেলে যাতে কেউ ট্রাকটিকে সনাক্ত করতে না পারে। সে ওই গুদামটি

ভাড়া নেয় এবং স্থানীয়দের কাছে প্রচার করেন যে তিনি পাট কিনে এনেছেন বিক্রি করবেন।

ইতোমধ্যে বেশ কিছু পাটও বিক্রি করেছেন। গ্রেপ্তারকৃতদের কাছ থেকে তথ্য নিয়ে অবশিষ্ট পাট উদ্ধার করা হবে।

এদিকে গ্রেপ্তারকৃত দুজনের পরিবারের দাবী, এরা পাট ব্যবসায়ী এবং কাউছারের কাছ থেকে পাট কিনেছেন। তারা চোর না। স্থানীয় লোকজনও একই কথা জানিয়ে তাদেরকে মুক্তি দিতে অনুরোধ করেন।

মধুখালী থানার ওসি আমিনুল হক জানান, মামলায় কাউছার আলীকে সহ ৬ জনকে আসামী করা হয়েছে। এর মধ্যে দুজনকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে পুলিশ। বাকিদেও কে গ্রেপ্তারের চেষ্টা অব্যাহত রয়েছে। সেই সাথে খুঁজে বের করা হচ্ছে আন্তঃজেলা চোর চক্রের মূল হোতাকে।

গাংনী থানা ইনর্চাজ ওসি ওবাইদুর রহমান জানান, মধুখালী থেকে একজন ড্রাইভার কৌশুলে পাট চুরি করে নিয়ে আসে। মধুখালী থানা অফিসার ইনর্চাজ বিষয়টি নিয়ে আমার সাথে আলাপ করলে তাদের অভিযানে গাংনী থানা পুলিশ সার্বিক সহযোগিতা করে।

জেলা পুলিশের উদ্যোগে মাস্ক বিতরণ ও সচেতনতা মূলক অভিযান

মেহেরপুরে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব রোধে মেহেরপুর হোটেল বাজার এলাকায় সাধারণ নাগরিকদের করোনা ভাইরাসের বিস্তার রোধে করণীয় সম্পর্কে সচেতন করতে মাস্ক বিতরণ করেছে মেহেরপুর জেলা পুলিশ।

গতকাল রবিবার বিকেলে, শহরের হোটেল বাজার এলাকায় মাস্ক বিতরণ ও সচেতনতা মূলক প্রচার অভিযান পরিচালনা করা হয়।

এ সময় পুলিশের পক্ষ থেকে জনগণকে সতর্ক থাকা এবং মাস্ক ছাড়া ঘরের বাইরে বের না হওয়ার আহ্বান জানানো হয়। একই সাথে মাস্ক ছাড়া অসচেতন ভাবে রাস্তায় ঘোরাঘুরি করলে আইনত ব্যবস্থা নেওয়ার কথা

বলা হয়।

এ সময় মাস্ক বিহীন পথচারীদেও মাঝে বিনা মূল্যে মাস্ক বিতরণ করা হয়।

মেহেরপুরের বিভিন্ন কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির কার্যক্রম শুরু

সারা দেশের ন্যায় মেহেরপুরের বিভিন্ন কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির কার্যক্রম শুরু হয়েছে।

গতকাল রবিবার সকাল থেকে মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজ সহ অন্যান্য কলেজে ভর্তি কার্যক্রম শুরু করা হয়।

সকাল থেকে কলেজ প্রাঙ্গণে নবাগত শিক্ষার্থীদের ভিড় লক্ষ্য করা গেছে, তবে সুশৃংঙ্খল ভাবে ছাত্র-ছাত্রীরা লাইনে দাঁড়িয়ে ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করেন।

মেহেরপুর সরকারি কলেজে প্রথম দিনে মানবিক বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ, মেহেরপুর সরকারি মহিলা কলেজে বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে ভর্তি করা হয়। এছাড়া অন্যান্য কলেজ গুলোর ভর্তি প্রক্রিয়া অনুষ্ঠিত হয়েছে বলে জানা গেছে।

মেহেরপুর সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম জানান, সকাল দশটা থেকে বিরতিহীন বিকাল পাঁচটা টা পর্যন্ত প্রথম দিনের ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ

মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসের উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার প্রান্তিক কৃষকদের মধ্যে মাসকালাই এর বীজ ও সার বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার সদর উপজেলা পরিষদ প্রাঙ্গনে সদর উপজেলার বিভিন্ন এলাকায় ১৫০ জন চাষির মাঝে মাসকলাই এর বীজ এবং সার বিতরণ করা হয়।

সদর উপজেলা চেয়ারম্যান এ্যাডভোকেট ইয়ারুল ইসলাম উপস্থিত থেকে প্রান্তিক চাষীদের মাঝে মাসকালাইয়ের বীজ ও সার বিতরণ করেন।

এসময় অন্যদের মধ্যে সদর উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ মাসুদুল আলম, উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন আক্তার, উপজেলা মৎস্য কর্মকর্তা জাকির হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের সহকারী কমিশনারকে বিদায় সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাইনউদ্দিন অন্যত্র বদলি হওয়ায় মেহেরপুর জেলা ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে বিদায় সংবর্ধনা দেয়া হয়েছে।

গতকাল রবিবার বেলা ৩ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অফিসার্স ক্লাবের পক্ষ থেকে এবং বিকাল ৫ টায় জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আবু সাঈদ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

তুষার কান্তি পাল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সেলিম শাহনেওয়াজ,

মুজিব নগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, সিনিয়র সহকারী কমিশনার এম.এম আরাফাত, সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাইনউদ্দিন, নবাগত সহকারী কমিশনার (ভূমি) মোঃ ইয়ানুর রহমান, এছাড়া জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিদায় অনুষ্ঠানে জেলা প্রশাসনের পক্ষ থেকে বিদায় সহকারী কমিশনার কমিশনার কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

জীবননগরে সার ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করলেন উপজেলা চেয়ারম্যান

জীবননগরে সার এবং বীজের দাম যাতে কেউ নিজ ইচ্ছায় বাড়াতে না পারে সে জন্য জীবননগর উপজেলার সকল সার ও বীজ ব্যবসায়ীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সকালে জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা কৃষি অফিসের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজি হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, সহকারী কৃষি কর্মকর্তা আরিফ হাসানসহ উপজেলার সকল সার ও বীজ ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন ।

কুষ্টিয়ায় এনআইডি জালিয়াতি করে জমি বিক্রির অন্যতম হোতা মহিবুল গ্রেফতার

কুষ্টিয়ায় জাতীয় পরিচয়পত্র (এনআইডি) জালিয়াতি করে জমি বিক্রির অন্যতম হোতা মহিবুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল রবিবার বিকেল ৪টার দিকে শহরের নবাব সিরাজদ্দৌলা সড়কের একটি দোকানের সামনে তাকে গ্রেফতার করা হয়।

মহিবুল ইসলাম পেশায় হার্ডওয়্যার ব্যবসায়ী। তিনি কুষ্টিয়া শহরের বড়বাজার এলাকার হাজী মোহাম্মদ আলীর ছেলে।

জানা গেছে, সম্প্রতি এনআইডি জালিয়াতির মাধ্যমে মালিক সেজে প্রায় শত কোটির জমি বিক্রি করে দেওয়ার ষড়যন্ত্র করে একটি চক্র।

এর মধ্যে প্রায় ৩ কোটি টাকার সম্পত্তি বিক্রিও হয়ে গেছে। এ নিয়ে কয়েকটি সংবাদমাধ্যমে খবর প্রকাশ হলে বিষয়টি আলোচনায় আসে।

পরে এসব সম্পদের প্রকৃত মালিক শহরের নবাব সিরাজদ্দৌলা সড়কের বাসিন্দা এমএম ওয়াদুদ কুষ্টিয়ার মডেল থানায় ১৮ জনের বিরুদ্ধে মামলা করেন।
গ্রেফতার হওয়া মহিবুল এই চক্রের অন্যতম হোতা।

কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে, জমি ক্রয়-বিক্রয়ের সাথে জড়িত ও জাতীয় পরিচয়পত্র জালিয়াতির ঘটনায় এক যুবলীগ নেতাসহ ছয়জনকে আটক করে।

কুষ্টিয়ায় ভেজাল পণ্য তৈরি কারখানায় দুই প্রতিষ্ঠানে তিন লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় র্যাবের বিশেষ অভিযানে ভেজাল পণ্য তৈরির কারখানায় ভ্রাম্যমাণ আদালতে দুইটি প্রতিষ্ঠানে তিন লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরে র্যাব -১২ কুষ্টিয়ার সিপিসি-১ এর ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার সিনিয়র এএসপি মোঃ মোস্তাফিজুর রহমান ও জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী রকিবুল হাসানের নেতৃত্বে র্যাবের একটি বিশেষ অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া সদর উপজেলার জুগিয়া বাড়াদী এলাকায় অভিযান পরিচালনা করে।

এসময় তারা ভুয়া রেজিষ্ট্রেশন ব্যবহারকারী কারখানা থেকে ভেজাল পন্য, হারপিক, গ্লাস ক্লিনার, টাইলস ক্লিনার, ভিকসল, থিনার, নীল, ডিটারজেন্ট পাউডার ও সিগারেটসহ আরও অনেক পণ্য জব্দ করা হয়। তারা মিসফলা কনজুমার নামে প্রোডাক্টস দীর্ঘদিন যাবত ভেজাল পণ্য উৎপাদন ও দেশের বিভিন্ন অঞ্চলে বাজারজাত করে আসছিলো।

এছাড়া পাশেই আরেকটি কারখানায় বেঙ্গল টোব্যাকোর মধ্যে অবৈধভাবে তৈরী বেঙ্গল কসমেটিকস নাম ব্যবহার করে ভেজাল পন্য ডিটারজেন্ট পাউডার, তৈরী ও বাজারজাতকরণ করে আসছিলো।

জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক কাজী রকিবুল হাসান জানান, মিসফলা কনজুমার নামে প্রোডাক্টস দীর্ঘদিন যাবত ভেজাল পণ্য উৎপাদন ও দেশের বিভিন্ন অঞ্চলে বাজারজাত করার অপরাধে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩ ধারায় ২ লাখ টাকা এবং জুগিয়া কদমতলা মোড়ে বেঙ্গল টোব্যাকোর মধ্যে বেঙ্গল কসমেটিকস নাম ব্যবহার করে অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের অপরাধে ভোক্তা সংরক্ষণ আইন ২০০৯ এর ৫৩ ধারায় ১ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে। এবং ভেজাল মালামাল আগুনে পুড়িয়ে ধংস করা হয়েছে।

এ বিষয়ে র্যাব ১২ ‘র সিপিসি-১ এর ভারপ্রাপ্ত কোম্পানী কমান্ডার সিনিয়র এএসপি মোঃ মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের জানান, ভেজাল পণ্য এবং ভেজাল খাদ্য উৎপাদনকারী যত বড় শক্তিশালীই হোকনা কেনো

□□□□□ □□□□□ □□□□□ □□□ □□□□